



তথ্য বিবরণী

নম্বর: ৪৫

ময়মনসিংহ বিভাগীয় দপ্তরের আয়োজনে  
শুরু হচ্ছে প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্নামেন্ট ২০২৩

ময়মনসিংহ (শুক্রবার, ১৩ অক্টোবর, ২০২৩ খ্রি.):

প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের ময়মনসিংহ বিভাগীয় কার্যালয়ের উদ্যোগে আয়োজিত বঙ্গবন্ধু গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্নামেন্ট-২০২৩ ও বঙ্গমাতা শেখ ফজিলাতুন নেছা মুজিব গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্নামেন্ট-২০২৩ এর বিভাগীয় পর্যায়ের উদ্বোধনী খেলা আগামীকাল শনিবার (১৪ অক্টোবর ২০২৩) এবং ফাইনাল খেলা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান আগামী রবিবার (১৫ অক্টোবর ২০২৩) ময়মনসিংহ সার্কিট হাউজ মাঠে অনুষ্ঠিত হবে।

শিক্ষার্থীদের শারীরিক, মানসিক ও নান্দনিক বিকাশে লেখাপড়ার পাশাপাশি খেলাধুলার গুরুত্ব অনুধাবন করেই প্রাথমিক পর্যায়ের সকল শিক্ষার্থীকে খেলাধুলার প্রতি আকৃষ্ট করতে সরকার ২০১০ সালে জাতীয়ভাবে বঙ্গবন্ধু গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্নামেন্ট প্রবর্তন করে এবং ২০১১ সালে বঙ্গমাতা শেখ ফজিলাতুন নেছা মুজিবের স্মৃতির প্রতি শ্রদ্ধা নিদর্শন স্বরূপ প্রাথমিক পর্যায়ের মেয়ে শিক্ষার্থীদের জন্য বঙ্গমাতা শেখ ফজিলাতুন নেছা মুজিব গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্নামেন্ট আয়োজন করা হয়।

এ টুর্নামেন্টের মাধ্যমে বঙ্গবন্ধু ও তাঁর জীবনচরিত সম্পর্কে শিশুরা জানবে, চর্চা করবে, বিশ্ব নাগরিক হয়ে গড়ে উঠবে এবং বিনির্মাণ করবে বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলা। বঙ্গবন্ধুর সহধর্মিণী শেখ ফজিলাতুন নেছা মুজিব মুক্তিযুদ্ধের চেতনাদীপ্ত মহীয়সী নারী। তাঁর অনুপ্রেরণা, সহনশীলতা ও দেশের প্রতি গভীর ভালোবাসা বঙ্গবন্ধুকে মহান নেতা হিসেবে আবির্ভূত হতে নেপথ্যে শক্তি যুগিয়েছে। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বাধীন বর্তমান সরকার বিদ্যালয় গমনোপযোগী সকল শিশুর বিদ্যালয়ে ভর্তি নিশ্চিত করে। সরকার শিক্ষার গুণগত মানোন্নয়নের লক্ষ্যে শিক্ষার্থীদের শারীরিক ও মানসিক বিকাশের জন্য কাজ করে যাচ্ছে।

বঙ্গবন্ধু গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্নামেন্ট এবং বঙ্গমাতা শেখ ফজিলাতুন নেছা মুজিব গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্নামেন্টে ময়মনসিংহ বিভাগের ৫ হাজার ৩৫৫টি বিদ্যালয়ের প্রত্যেকটি হতে ০২টি করে মোট ১০,৭১০টি দল অংশগ্রহণ করে (ইউনিয়ন পর্যায় হতে শুরু করে বিভাগীয় পর্যায় পর্যন্ত)। এ পর্যায়ে ময়মনসিংহ বিভাগের ৪টি জেলা হতে উভয় টুর্নামেন্টে ২টি করে মোট ৮টি দল বিভাগীয় পর্যায়ের খেলায় অংশগ্রহণ করবে।

বঙ্গবন্ধু গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্নামেন্ট ২০২৩ খেলা আগামীকাল শনিবার ১৪ তারিখ বেলা ১১:৩০-১২:৩০টা পর্যন্ত ক গুপ-মুন্সিরহাট সরকারি প্রাথমিক বিদ্যালয়, ধোবাউড়া, ময়মনসিংহ বনাম কাকুরিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়, কলমাকান্দা, নেত্রকোণা এবং বেলা ৩:৩০-৪:৩০টা পর্যন্ত খ গুপ- চরগোলাবাড়ী সরকারি প্রাথমিক বিদ্যালয়, মাদারগঞ্জ, জামালপুর বনাম ইলশা সরকারি প্রাথমিক বিদ্যালয়, শেরপুর সদর, শেরপুর দলের মধ্যে অনুষ্ঠিত হবে। সেইসাথে মেয়ে শিক্ষার্থীদের জন্য বঙ্গমাতা শেখ ফজিলাতুন নেছা মুজিব গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্নামেন্ট ২০২৩ একই দিনের বেলা ১০:০০-১১:০০টা পর্যন্ত ক গুপ- শিশুরা সরকারি প্রাথমিক বিদ্যালয়, সরিয়াবাড়ী, জামালপুর বনাম বাদাতেঘরিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়, শেরপুর সদর, শেরপুর এবং বেলা ২:০০-৩:০০টা পর্যন্ত খ গুপ- পাঁচরুখী সরকারি প্রাথমিক বিদ্যালয়, নান্দাইল, ময়মনসিংহ বনাম নুরেছা দুখিয়ারগাতী সরকারি প্রাথমিক বিদ্যালয়, কেন্দুয়া, নেত্রকোণা দলের মধ্যে অনুষ্ঠিত হবে।

#

মনির/দেওয়ান/রিদওয়ান/সজিব/২০২৩/১৬:০০ ঘন্টা